

(একই তারিখ ও সারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

মেডিকেল -১ শাখা,

www.moha.gov.bd

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
২ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.২৫৪.১১.০০০৩.২৬.৩৫

**প্রজ্ঞাপন**

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ পুলিশ হাসপাতালসমূহের 'সিনিয়র কনসালটেন্ট (অর্থো-সার্জারী)' (৫ম গ্রেড) এর ০১ টি পদে নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে পিএসসি'র সুপারিশের আলোকে নিম্নবর্ণিত প্রার্থী-কে জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর টাকা ৪৩,০০০-৬৯,৮৫০/- (৫ম গ্রেড) বেতনক্রমে অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে 'সিনিয়র কনসালটেন্ট (অর্থো-সার্জারী)' (৫ম গ্রেড) পদে নিয়োগ প্রদান করা হলো:

নং	সুপারিশকৃত প্রার্থীর নাম	রেজিস্ট্রেশন নম্বর	জেলা
১	মোঃ আসাদুজ্জামান আজাদ MD. ASADUJJAMAN AZAD	000076	Sirajganj

**শর্তাবলি:**

(ক) যোগদানের তারিখ হতে বিধি মোতাবেক তিনি ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকবেন। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকুরি থেকে অপসারণ করা যাবে;

(খ) শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপনান্তে চাকুরিতে নিয়োগের তারিখ হতে স্থায়ী করা হবে;

(গ) সরকারি বিধি মোতাবেক ভাতাদি ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

(ঘ) চাকুরিতে থাকাকালে সরকারি সকল বিধি-বিধান তার ক্ষেত্রে প্রযোজ্য হবে;

(ঙ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তার চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(চ) চাকুরিতে নিয়োজিত থাকাকালে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকুরির জন্য আবেদন করা বা কোনো শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করা যাবে না;


(ছ) The Government Servants (Conduct) Rules, 1979-এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্বাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় এ বিভাগে জমা দিতে হবে; এবং

(জ) চাকুরিতে যোগদানের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

২. উল্লিখিত শর্তাবলি গ্রহণযোগ্য হলে তাদেরকে আগামী ০৮/৩/২০২৬ খ্রি. তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সশরীরে উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখে যোগদান না করলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৩. জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



০৩-০৩-২০২৬

মোঃ শফিকুল ইসলাম

সহকারী সচিব

ফোন : +৮৮০২২২৩৩৫৪০৫০


ইমেইল : medical1@moha.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.২৫৪.১১.০০০৩.২৬.৩৫/১ (১৩)

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
২ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
- ৫। ইন্সপেক্টর জেনারেল, পুলিশ মহাপরিদর্শকের কার্যালয়, পুলিশ হেডকোয়ার্টার্স।
- ৬। সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন।
- ৭। অতিরিক্ত সচিব, ..... (সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ১০। উপপরিচালক (উপসচিব), ফরমস ও প্রকাশনা অধিদপ্তর ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সিস্টেম এনালিস্ট-১, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং
- ১৩। জনাব/বেগম, .....।



০৩-০৩-২০২৬

মোঃ শফিকুল ইসলাম

সহকারী সচিব